

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৫৩
খোয়াই, ২৭ ডিসেম্বর, ২০২৩

খোয়াই মহকুমায় সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু

খোয়াই মহকুমায় গতকাল থেকে কৃষকদের কাছ থেকে নূন্যতম সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু করা হয়েছে। খোয়াইয়ের অফিসটিলা ফুড গোডাউনে আগামী ৩০ ডিসেম্বর পর্যন্ত কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা হবে। কৃষকদের কাছ থেকে প্রতি কুইন্টাল ধান ২, ১৮৩ টাকা দরে ক্রয় করা হচ্ছে। খোয়াই কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক শ্রীকান্ত সাহা জানান, প্রথম দিন মহকুমার ২৫ জন কৃষকের কাছ থেকে ৪২ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে। খোয়াই মহকুমায় কৃষকদের কাছ থেকে ৭০০ মেট্রিকটন ধান ক্রয় করার লক্ষ্য মাত্রা রয়েছে।
